

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮১

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر)

পরিচ্ছেদঃ ৮. (মুশরিকদের) বিরুদ্ধে যুদ্ধ করার পূর্বে তাদেরকে ইসলামের প্রতি আহ্বান জানানো

بَابِ فِي الدَّعْوَةِ إِلَى الْإِسْلَامِ قَبْلَ الْقِتَالِ

আরবী

أَخُبَرنَا مُحَمَّدُ بَنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْتَد عَنْ سُلَيْمَانَ بْنِ بُرِيْدَةَ عَنْ أَبِيهِ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَمَّرَ رَجُلًا عَلَى سَرِيَّةٍ أَوْصَاهُ إِنَا لَقِيتَ عَدُوكَ مِنْ الْمُشْرِكِينَ قَادْعُهُمْ إِلَى الْإِسْلَامِ فَإِنْ هُمْ أَجَابُوكَ فَاقْبَلْ مِنْهُمْ مَا أَجَابُوكَ إلَيْهَا فَاقْبَلْ مِنْهُمْ وَكُفَّ عَنْهُمْ أَمَّ ادْعُهُمْ إِلَى الْإِسْلَامِ فَإِنْ هُمْ أَجَابُوكَ فَاقْبَلْ مِنْهُمْ وَكُفَّ عَنْهُمْ فَاقْبَلْ مِنْهُمْ وَكُفَّ عَنْهُمْ أَبُونُ وَلَا فَاقْبَلْ مِنْهُمْ مَا عَلَى الْمُهَاجِرِينَ وَأَحْبُرِهُمْ إِنْ هُمْ أَبُونُ وَكُفَّ عَنْهُمْ مَا لِلْمُهُمْ عِلْوَ اللّهِ اللّهُ الْمُسْلِمِينَ عَلْهُمْ فَإِنْ هُمْ أَبُونًا أَنْ يَدْخُلُوا فِي الْإِسْلَامِ وَالْفَوْمِينَ يَجْرِي عَلَيْهِمْ مُعُنَّ مَنِينَ فَعَلُوا أَنْ يَدْخُلُوا فِي الْإِسْلَامِ وَالْفَوْمِينَ عَلْهُمْ وَإِنْ هُمْ أَبُونًا أَنْ يَدْخُلُوا فِي الْإِسْلَامِ وَالْفَالِمُ مُوالِي وَلَاكُمْ وَاللّهُ وَلَا اللّهِ وَلَا لَهُمْ وَمُ أَبُونًا فَاسْتَعِنْ بِاللّهِ وَالْحَلْ لَهُمْ وَمُ أَبُونًا فَاسْتَعِنْ بِاللّهِ وَلَكُنْ اجْعَلْ لَهُمْ وَمُعَلَى لَهُمْ وَإِنْ هُمَا أَبُونًا فَاسْتَعِنْ بِاللّهِ وَلَكُنْ اجْعَلْ لَهُمْ وَمُعَلَى الْمُعْرِقِ الْمُسْلِمِينَ عَلْهُمْ وَإِنْ هُمْ أَبُونَ اللّهِ وَلَاكُمْ وَلَوْ اللّهِ وَلَكِنْ الْمُعْلِمُ وَلَا اللّهِ وَلِكَ وَدُمَّةَ اللّهِ وَذِمَّةَ أَبِيكِ وَلَكُنْ الْمُعْلِمُ مَا أَنْ مُنْ عَلَيْكُمْ وَلُولُ عَلَى مُكُم اللّهِ وَلَا لَنْولُهُمْ عَلَى حُكْمِ اللّهِ وَلَكُنْ وَلَوْلَ وَلَا اللّهِ وَلَا اللّهِ وَلَا اللّهِ فَلَا اللّهِ وَلَا اللّهِ وَلَا اللّهِ وَلَكُنْ الْمُعْرِقُ وَلَا اللّهِ وَلَا اللّهِ وَلَا اللّهُ وَلِهُمْ عَلَى حُكْمِ اللّهِ وَلَكُ مُ اللّهُ وَلَا اللّهُ عَلَى حُكْمُ اللّهِ وَلَكُونَ الْمُعْرِقُ اللّهُ وَلَوْ اللّهُ وَلَوْ اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ

বাংলা

২৪৮১. সুলাইমান ইবনু বুরাইদা তার পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেন, যখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কোন সেনাদলের উপর কাউকে আমীর (সেনাপতি) নিযুক্ত করে পাঠাতেন, তখন আমীরকে লক্ষ্য করে (একথা বলে) উপদেশ দিতেন: "যখন তুমি তোমার মুশরিক শক্রদের সাক্ষাৎ পাবে তখন তাদেরকে তিনটি



বিষয়ের মধ্য হতে যে কোন একটি গ্রহণ করার জন্য আহবান জানাবে। আর যে কোন একটি গ্রহণ করলে তুমি তাতে সায় দিবে এবং তাদের উপর আত্রমণ চালানো হতে বিরত থাকবে।

- ১. তুমি (প্রথমে) তাদেরকে ইসলামের দিকে আহবান জানাবে। যদি এতে সাড়া দেয়, তুমি মেনে নিবে আর তাদের ওপর আক্রমণ চালানো হতে বিরত থাকবে। তারপর তাদেরকে নিজ দেশে ছেড়ে মুহাজিরদের দেশে অর্থাৎ মদীনায় হিজরত করার আহবান জানাবে। আর তাদেরকে অবহিত করে দিবে যে, হিজরত করার পর মুহাজিরগণ যে সকল সুযোগ-সুবিধাভোগ করেন, তারাও সে সকল সুবিধা ভোগ করবে। আর (জিহাদের) যে সকল দায়- দায়ত্ব মুহাজিরদের ওপর বর্তায়, তাদের ওপরও তা সমভাবে বর্তাবে। তারা যদি এ প্রস্তাবে অস্বীকৃতি জানায় (রায়ী না হয় বা প্রত্যাখ্যান করে আর নিজ দেশেই অবস্থান করতে চায়) তবে তাদেরকে জানিয়ে দিবে যে, তারা হবে বেদুঈন মুসলিমগণের মতো। তাদেরকে আল্লাহ আদেশ- নিষেধ ও বিধি- বিধান মেনে চলতে হবে যেরূপে মুসলিমগণ তা মেনে চলেন। 'ফাই' ও গনিমতের (যুদ্ধলব্ধ সম্পদের) কোন ভাগ তারা পাবে না, যদি মুজাহিদগণের সাথে প্রত্যক্ষভাবে যুদ্ধে অংশগ্রহণ না করে।
- ২. আর যদি তারা ইসলাম গ্রহণ করতে অস্বীকার করে তবে (তাদের নিরাপত্তার জন্য) জিয্ইয়া প্রদান করার প্রস্তাব দিবে। যদি তারা তা প্রদান করে, তবে তুমি মেনে নিবে এবং তাদের সঙ্গে যুদ্ধে লিপ্ত হবে না।
- ৩. যদি তারা (জিযইয়া দিতে) অস্বীকার করে তবে আল্লাহর নিকট সাহায্য প্রার্থনা করবে এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে। আর যখন তুমি কোন শক্রর দূর্গ অবরোধ করবে আর তারা তাদের ব্যাপারে তোমার নিকট আল্লাহ্ ও নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম'র যিন্মাহ' বা প্রতিশ্রুতি/অঙ্গীকার কামনা করে, তবে তাদেরকে আল্লাহ্ ও নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম'র যিন্মাহ' বা আশ্রয় প্রদান করবে না। তবে তুমি তোমার, তোমার পিতার ও তোমার সঙ্গী-সাথীদের 'যিন্মা বা প্রতিশ্রুতি প্রদান করতে পার। কেননা, আল্লাহ্ ও রাস্লের যিন্মাহ' বা প্রতিশ্রুতি রক্ষা করার চেয়ে তোমাদের ও তোমাদের পিতা-পিতামহের যিন্মা বা প্রতিশ্রুতি রক্ষা করা তোমাদের জন্য সহজতর। আর যদি তুমি কোন শক্রর দূর্গ অবরোধ করো, আর তখন তারা আল্লাহর বিধান ভিত্তিতে দুর্গ হতে অবতরণের ইচ্ছা প্রকাশ করবে, তখন তুমি আ্লাহ্ অথবা রাস্লের নির্দেশের ভিত্তিতে তাদের অবতরণ করাবে না বরং তোমার নিজ সিদ্ধান্ত মোতাবেক তাদেরকে অবতরণ করাবে। কারণ, তোমার জানা নেই তাদের ব্যাপারে আল্লাহর নির্দেশ তুমি ঠিকমত কার্যকর করলে কী-না। এরপরে তাদের ব্যাপারে তোমার ইচ্ছানুযায়ী ফয়সালা করবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, জিহাদ ১৭৩১; আরও দেখুন, বাইহাকী, সিয়ার ৯/১৮৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সুলায়মান ইবন বুরায়দা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন